কুষ্টিয়ায় দুই গ্রুপের সংঘর্ষে যুবক নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে কাঁচা রাস্তা নির্মাণকে কেন্দ্র করে দুইদল গ্রামবাসীর মধ্যে সংঘর্ষে শামীম মালিথা (২৭) নামের এক যুবক নিহত হয়েছে।

এ ঘটনায় আরও ৪জন গুরুতর আহত হয়েছে। গতকাল বুধবার বিকেলে দৌলতপুর উপজেলার রিফায়েতপুর ইউনিয়নের হরিণগাছী মালিথাপাড়া এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে।

নিহত শামীম মালিথা হরিণগাছী এলাকার মেহের বক্স মালিথার ছেলে। আহতদের মধ্যে মালিথা গ্রুপের মুল্লুক চাঁদের ছেলে আপন মালিথা, সাহাজুল মালিথা, শুকচাঁদ ও মোকাদ্দেস মালিথাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম আরিফুর রহমান জানান, হরিণগাছী এলাকার একটি কাঁচা রাস্তা নির্মাণ নিয়ে দুই গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিলো। এরই জের ধরে গতকাল বিকেলে দু গ্রুপের মধ্যে সংঘর্ষ বাঁধে। এ ঘটনায় শামীম মালিথার মৃত্যু হয়।

নিহতের মরদেহ উপদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে বলৌ জানান তিনি।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে ডেঙ্গু নিধন কর্মসূচির

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নির্দেশ দেন।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে গাঁজাসহ দুজন মাদক কারবারী আটক

মুজিবনগরে ১ শত গ্রাম গাঁজাসহ দুইজন মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। বুধবার দুপুর দুইটার দিকে মুজিবনগর উপজেলার ভবানিপুর প্রাইমারী স্কুলের সামনে পাঁকা রাস্তার উপর থেকে তাদের আটক করা হয় আটককৃতরা হলেন শিবপুর বাগানপাড়ার মৃতঃ নিয়ামত শেখ এর ছেলে রহমান শেখ(৫৫) ও একই গ্রামের ভগার ছেলে শাহিন (২৬)।

তবে রহমান শেখ এর নামে এর আগেও মাদকের মামলা আছে বলে জানা গেছে। মুজিবনগর থানার এসআই জিয়াউর রহমান জানান,আসামীরা গাঁজা বিক্রির উদ্দ্যেশে ভবানিপুর প্রাইমারী স্কুলের কাছে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ওসি স্যারের নির্দেশে আমি ও এএসআই ইলিয়াস সেখানে অভিযান চালায়। পরে তাদের রাস্তার উপর দারিয়ে থাকতে দেখা যায়।

তাদের কাছে যেয়ে শরিল তল্লাশি করে তাদের কাছ থেকে ১ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। পরে গাঁজাসহ তাদের হাতেনাতে আটক করা হয়। দির্ঘদিন ধরে তারা মাদক ব্যাবসায়ের সাথে জরিত আছে বলেও জানান এস আই জিয়াউর রহমান।

মুজিবনগরে হোমকোয়ারিন্টিন

শেষ করলেন ইউএনওসহ সকলেই

মুজিবনগরে ১৪ দিন হোমকোয়ারিন্টিন শেষ করেছেন ইউএনওসহ সকলেই। সকলেই ১৪ দিন হোমকোয়ারিন্টিন শেষ করে সুস্থ ভাবে আবার কর্মস্থলে ফিরছেন তারা।
গত ২২ এপ্রিল বিকালে এক করোনা মৃত্যু ব্যাক্তিকে দাফন করার পর সকলেই হোমকোয়ারিন্টিনে চলে যান।

আজ বুধবার বিকাল থেকে তাদের ১৪ দিন সফলভাবে হোমকোয়ারিন্টিন শেষ হয়েছে বলে জানিয়েছে মুজিবনগর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.রেজওয়ান আহম্মেদ। তিনি জানান, সকলের ১৪ দিন হোম কোয়ারিন্টিন সফলভাবে শেষ হয়েছে। এই ১৪ দিনে কারও রির্পোট পজিটিভ ছিলো না। তাছাড়া সকলেই বর্তমানে সম্পূন্য সুস্থ।

এদিকে হোমকোয়ারিন্টিন শেষ করে আগামীকাল বৃহস্প্রতিবার থেকে আবার সকলে নিজ নিজ কর্মস্থলে ফিরবে বলে জানিয়েছেন উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি।

উল্লেখ্য,গত ২২ এপ্রিল মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে করোনা উপসর্গ নিয়ে ইদ্রিস শাহ্ নামের এক ব্যাক্তি মারা যান।
করোনা সন্দেহে কেউ তার লাশ দাফন করতে এগিয়ে না আসলে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি,মুজিবনগর সরকারী স্বাস্থ কমপ্লেক্স পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.রেজওয়ান আহম্মেদ ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জ(তদন্ত) সহ কয়েকজন যুবক লাশটিকে দাফন করে।

পরের দিন সকালে করোনা উপসর্গ নিয়ে মৃত্যু ব্যাক্তির করোনা পজিটিভ আসায় ২৩ তারিখ সকাল থেকে সকলেই হোমকোয়ারিন্টিনে চলে যান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ইসলামের মেয়ে।
জয়ার বাবা জিয়ারুল ইসলামের অভিযোগ তার মেয়ে জয়ার সাথে পাশের বাড়ীর লিমন নামের এক ছেলের প্রেমজ সম্পর্ক ছিলো। আজ গভীর রাতে তার মেয়েকে লিমন ডেকে নিয়ে গিয়ে মেরে গাছের সাথে ঝুলিয়ে রেখেছে। কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মজিবুর রহমান জানান, বুধবার সকালে স্থানীয়দের দেয়া খবরের ভিত্তিতে কয়া এলাকায় তার বাড়ীর পাশের একটি আমগাছ থেকে থেকে জয়ার ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়। তার লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। তবে এটি হত্যা নাকি আত্মহত্যা ময়নাতদন্ত না আসা পর্যন্ত বলা যাচ্ছে না।
ইবি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহাঙ্গীর আরিফ জানান, বিত্তিপাড়া লালন তৈল পাম্পের অদুরে একটি বাঁশবাগান থেকে শামিম আলীর ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। তিনি মহিষের ব্যাপারী ছিলেন। তবে ব্যবসায়ীক কোন ঝামেলার কারনে তাকে হত্যা করে হতে পারে বলেও ধারণা করেন তিনি। তার মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালে সিনিয়র স্টাফ নার্স করোনা আক্রান্ত

মেহেরপুর জেনারেল হাসপাতালে সিনিয়র স্টাফ নার্স কামরুনাহার করোনা আক্রান্ত হয়েছে। বুধবার দুপুর দুইটায় বিষয়টি নিশ্চিত করেছেন মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসিরুদ্দিন।

তিনি জানান, সম্প্রতি সময়ে মেহেরপুর জেলার করোনা আক্রান্ত যে রোগীগুলো ছিল তাদের সংস্পর্শে যারা এসেছে বা যাদেরকে সন্দেহ হয়েছে তাদের নমুনা সংগ্রহ করা হয়েছে।

এরমধ্যে ওই সিনিয়র স্টাফ স্টাফ নার্স এর নমুনা সংগ্রহ করে গত ২ তারিখে ঢাকায় পাঠানো হয়েছিল। আজ দুপুরে ওই সিনিয়র স্টাফ নার্সের করোনা পজিটিভ ফলাফল পাওয়া যায়।আক্রান্ত ওই নার্স এর সাথে যারা সংস্পর্শে এসেছিলেন তাদের প্রত্যেককেই হোম কোয়ারেন্টিনে রাখা হয়েছে।

গাংনীতে দুইজন করোনা রোগী সনাক্ত

মেহেরপুর জেলার গাংনী উপজেলায় আরও একজনসহ মোট দু’জন করোনা রোগী সনাক্ত হয়েছে।

করোনা আক্রান্ত ব্যক্তিরা হলেন ষোলটাকা গ্রামের মৃত মজনুর রহমানের ছেলে মাহফুজুর রহমান ও রংমহল গ্রামের পলাশ আহমেদ।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কমর্কর্তা ডা: রিয়াজুল আলম জানান, উপজেলার ষোলটাকা গ্রামের ঐ ব্যক্তি গত ২৩ এপ্রিল ঢাকার মোহাম্মদ থেকে নিজ বাড়িতে আসেন। তখন থেকে সে হোমকোয়ারেন্টাইনে ছিলেন।

গত ৩রা মে তার নমুনা সংগ্রহ করে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ল্যাবে পাঠানো হলে সেখান থেকে আজ বুধবার করোনা রোগে আক্রান্ত বলে নিশ্চিত করা হয়।

এছাড়া রংমহল গ্রামের ঐ মব্যক্তি গত ২৯ এপ্রিল ওমান দেশ থেকে বাড়িতে আসেন।

গত ১লা মে নমুনা সংগ্রহ করে ঢাকায় পাঠানো হলে সেখান থেকে পজেপিভ বলে নিশ্চিত করা হয়।

মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পিসিআর ল্যাব থেকে বুধবার ১৬টি নমুনা পরীক্ষার ফলাফল এসেছে। এর মধ্যে ১৫ জন নেগেটিভ। একটি পজেটিভ এসেছে।

এছাড়া ঢাকা শেরে বাংলা মেডিকেল কলেজ থেকে আরো একটি পজেটিভ এসেছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান,আক্রান্ত ব্যক্তিরা তাদের নিজ বাড়িতে আইশোলেশনে থাকবেন।

এছাড়া তাদের পার্শবর্তী কয়েকটি বাড়ি লকডাউন ঘোষনা করা হয়েছে। এছাড়া আক্রন্ত ব্যক্তিদের পরিবারের সদস্যদের নমুনা সংগ্রহ করা হবে।

মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে সবজী বিতরণ

করোনা পরিস্থিতি মোকাবেলার অংশ হিসেবে দুস্থ মানুষের মাঝে সবজী বিতরণ করেছে মেহেরপুর জেলা ছাত্রলীগ।

বুধবার দুপুরে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন এর নেতৃত্বে শহীদ ডা. সামসুজ্জোহা পার্কের সামনে এই সবজী বিতরণ করা হয়।

প্রায় ৫শত সাধারণ অসহায় মানুষ কাঁচা বাজার সামগ্রী গ্রহন করেন।

এসময় উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক ইব্রাহীম, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলকার নাইন, কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন সহ ছাত্রলীগের নেতাকর্মীরা।

মেপ্র/এমএফআর